

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০১.২০১৫-৫৯৬

তারিখঃ ৩১ মার্চ ২০১৫ খ্রিস্টাব্দ
১৭ চৈত্র ১৪২১ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৬/১০/২০১৪ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৮৯৯/২০১৪/২০৭ নম্বর পত্রের সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তর/অধীনস্থ 'ইপিআই এন্ড সার্ভিল্যান্স' এর 'কোন্ড চেইন ইঞ্জিনিয়ার' এর ০১(এক)টি স্থায়ী নন-ক্যাডার পদে জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী টাঃ ১১০০০-২০৩৭০/- বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম	ঠিকানা	রেজিঃ নম্বর
১।	জনাব মোঃ মেজবাহুল হক	পিতাঃ জনাব মোঃ বজলুল হক, মাতাঃ নাগিসা মাঞ্জুমা আরা, গ্রামঃ কোলগ্রাম, ডাকঘরঃ কোলগ্রাম, উপজেলাঃ দুপচাঁচিয়া, জেলাঃ বগুড়া।	রেজিঃ নং ০০০০১৬

শর্তাদিঃ

(১) উক্ত পদের জন্য সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে সরকার প্রশিক্ষণের পূর্বে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশ কালে অথবা শিক্ষানবিশ কাল উত্তীর্ণ হওয়ার ০২ (দুই) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন।

(৪) ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে ক্রমিক-৩ অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থী যদি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অস্বীকারাবদ্ধ হয় তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(৬) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(৭) The Government Servants(Conduct) Rules,1979 এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

অপর পাতা দ্রষ্টব্য

(৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে;

(৯) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(১০) চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(১১) উপরের শর্তাবলী নিয়োগপ্রাপ্ত প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫/০৪/২০১৫ খ্রিঃ তারিখ পূর্বাংহে স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হল। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
৩০/০৩/২০১৫
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০১.২০১৫-৫৯৬/১(৯)

তারিখঃ ৩১ মার্চ ২০১৫ খ্রিস্টাব্দ
১৭ চৈত্র ১৪২১ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, পিএইচসি ও লাইন ডাইরেক্টর, এমএনসি এন্ড এ এইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। জনাব মোঃ মেজবাহুল হক, পিতাঃ জনাব মোঃ বজলুল হক, মাতাঃ নাগিসা মাঞ্জুমা আরা, গ্রামঃ কোলগ্রাম, ডাকঘরঃ কোলগ্রাম, উপজেলাঃ দুপচাঁচিয়া, জেলাঃ বগুড়া।
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


মোঃ হাফিজুর রহমান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd